গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
অগ্নি শাখা-১

ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিস পরিদর্শন সংক্রান্ত ফলাবর্তক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | প্রদীপ রঞ্জন চক্রবর্তী<br>অতিরিক্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ |
| তারিখ | : | ১১ ডিসেম্বর ২০১৯ |
| সময় | : | সকাল ১১.০০ মি: |
| স্থান | : | সভাপতির অফিস কক্ষ। |

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। তিনি জানান যে, মাঠ পর্যায়ের অফিস পরিদর্শন সংক্রান্ত কার্যক্রমের ফলোআপ করার উদ্দেশ্যে সুরক্ষা সেবা বিভাগে ফলাবর্তক সভা করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ উদ্যোগের অংশ হিসেবে সুরক্ষা সেবা বিভাগের যুগ্মসচিব জনাব মল্লিক সাঈদ মাহবুব গত ১৭/১১/২০১৯ তারিখে রংপুর জেলা পাসপোর্ট অফিস পরিদর্শন করেন।

০২। পরিদর্শনকালে দেখা যায়, উক্ত অফিসে ৫৭টি AFIS, ৭৫টি ডেমো, ৮১টি রি-ইস্যু এবং ১৫৪টি এসবি কেস নিষ্পত্তির অপেক্ষায় পেন্ডিং আছে। ভিসা সংক্রান্ত ৭৩টি কেস পেন্ডিং আছে। এ অফিসের বিভিন্ন রেজিস্টার সঠিকভাবে সংরক্ষণ হচ্ছে না বলে পরিদর্শন প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। এ সবের মধ্যে রয়েছে, স্থাবর সম্পত্তি রেজিস্টার, হাজিরা খাতা, মুভমেন্ট রেজিস্টার, স্টক রেজিস্টার, প্রোগ্রাম রেজিস্টার, নিবন্ধন রেজিস্টার, বেতন রেজিস্টার, ক্যাশ বুক, পাসপোর্ট ডেলিভারি রেজিস্টার, ইস্যু ও রিসিভ রেজিস্টার ও স্ট্যাম্প রেজিস্টার।

০৩। পরিদর্শন প্রতিবেদনে নিম্নবর্ণিত মতামত প্রদান করা হয়েছে :

(ক) জনসাধারণের সেবা প্রাপ্তির সুবিধার্থে হেল্প ডেস্কটি চালু রাখা;
(খ) জনসাধারণের সেবার মান উন্নয়ন করা;
(গ) জনসাধারণ যাতে দ্রুততম সময়ের মধ্যে পাসপোর্ট পেতে পারে তার সু-ব্যবস্থা করা;
(ঘ) জমি সংক্রান্ত কাগজপত্র যেমন: দপ্তরের নাম, এলএ কেইস নম্বর, গেজেট নোটিফিকেশন নম্বর, খতিয়ান নম্বর, এস এ, সি এস, আর এস, বি এস, সিটি জরিপ, জমির প্রকৃতি, জমির পরিমান, নামজারির পূর্ণাঙ্গ তথ্য এবং সর্বশেষ খাজনা পরিশোধের তারিখ ইত্যাদি স্থাবর সম্পত্তি রেজিস্টারে সংরক্ষণ করা;
(ঙ) অফিসের কাজে ব্যবহৃত সকল রেজিস্টারে প্রত্যয়নসহ ফরমেট অনুযায়ী সঠিকভাবে লিপিবদ্ধ করা।

০৪। পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ মোতাবেক সংশ্লিষ্ট রেজিস্টারসমূহ সঠিকভাবে সংরক্ষণ করা এবং পেন্ডিং ইস্যুসমূহ দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরকে অনুরোধ জানানো হয়।

০৫। পরিশেষে, সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত/-)
১১/১২/২০১৯
প্রদীপ রঞ্জন চক্রবর্তী
অতিরিক্ত সচিব
ও
এপিএ টিম প্রধান
সুরক্ষা সেবা বিভাগ।

স্মারক নং-৫৮.০০.০০০০.০৫২.৩২.০০১.১৭- ৬০ — তারিখ : ২৬ অগ্রহায়ণ ১৪২৬ / ১১ ডিসেম্বর ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১। মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০২। জনাব মল্লিক সাঈদ মাহবুব, যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ), সুরক্ষা সেবা বিভাগ, ঢাকা।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১১/১২/২০১৯
(মল্লিকা রাণী মন্ডল)
সহকারী সচিব

o/c